



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এমপিও শাখা
এফ-৪ বি, আগারগাঁও, প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
ওয়েব সাইট : www.techedu.gov.bd

স্মারক নং-৫৭.০৩.০০০০.০৯২.৩১.২০২৬-৩২৯

তারিখঃ ১৭ আষাঢ় ১৪৩৩
১ জুলাই ২০২৬

বিষয়ঃ জনাব মোহাম্মদ শাহ আলম চৌধুরী, প্রভাষক (কম্পিউটার অপারেশন), শাহী কমাশিয়াল কলেজ, চট্টগ্রাম কে সেপ্টেম্বর/২০২৩খ্রি. হতে অক্টোবর/২০২৫খ্রি. পর্যন্ত সরকারী অংশের বেতন ভাতাদি দেয়া হয়েছে কিনা তার প্রমাণক সহ ব্যাখ্যা প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ ৫৭.০৩.১৯৩৩.১০২.১০১.২৭.০০২৩.২৩-৩১২, তারিখঃ ১৬.০৪.২০২৬খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্র মোতাবেক জনাব মোহাম্মদ শাহ আলম চৌধুরী, প্রভাষক (কম্পিউটার অপারেশন), শাহী কমাশিয়াল কলেজ, চট্টগ্রাম ২০২৩ সালের সেপ্টেম্বর হতে প্রতিষ্ঠানে অনুপস্থিত থাকা সত্ত্বেও ২০২৫ সালের অক্টোবর পর্যন্ত তার নাম উক্ত প্রতিষ্ঠানের এমপিও শীটে বিদ্যমান রয়েছে। তাই সরকারি অর্থের সুষ্ঠু ও বিধি মোতাবেক বণ্টন রক্ষার্থে উল্লেখিত সময়ের মধ্যে জনাব মোহাম্মদ শাহ আলম চৌধুরী, প্রভাষক (কম্পিউটার অপারেশন) কে মাসিক বেতন ভাতা দেয়া হয়েছে কিনা তার প্রমাণকসহ ব্যাখ্যা জানা আবশ্যিক।

২। এমতাবস্থায় যদি অভিযুক্ত ব্যক্তি (মোহাম্মদ শাহ আলম চৌধুরী) কে উল্লেখিত সময়ে সরকারি অংশের বেতন ভাতা দেয়া হয়ে থাকে, তবে তা সরকারি কোষাগারে জমাদান পূর্বক অনলাইন চালানের ভেরিফাইড কপি অথবা যদি বেতন না দেয়া হয়ে থাকে তার প্রমাণক সহ ব্যাখ্যা আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে অত্র অধিদপ্তরের এমপিও শাখায় নির্দেশক্রমে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-

(প্রকৌ. মোঃ মাকসুদুর রহমান)
পরিচালক (পিআইইউ)

অধ্যক্ষ


শাহী কমাশিয়াল কলেজ, কোতয়ালী, চট্টগ্রাম।

স্মারক নং-৫৭.০৩.০০০০.০৯২.৩১.২০২৬-৩২৯

তারিখঃ ১৭ আষাঢ় ১৪৩৩
১ জুলাই ২০২৬

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা;
- ০২। পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগ, রামমালা, কুমিল্লা-৩৫০০;
- ০৩। সহকারী পরিচালক-২ কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও;
- ০৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ০৫। সভাপতি, ব্যবস্থাপনা কমিটি, শাহী কমাশিয়াল কলেজ, কোতয়ালী, চট্টগ্রাম;
- ০৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, [পত্রটি ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ];
- ০৭। জনাব মোহাম্মদ শাহ আলম চৌধুরী, প্রভাষক (কম্পিউটার অপারেশন), শাহী কমাশিয়াল কলেজ, কোতয়ালী, চট্টগ্রাম;
- ০৮। সংরক্ষণ নথি।


০১.০৭.২৬

(মোহাম্মদ সাইফুল হক খান)
সহকারী পরিচালক